

২০১৭

বাংলা

(সাম্মানিক)

ষষ্ঠ পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

(পুরাতন পাঠক্রম)

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১৫ × ২

(ক) বাংলা গদ্যের ধারায় রামমোহন রায়ের অবদান আলোচনা করো।

(খ) বাংলা চলিত গদ্যের ধারায় একটি রূপরেখা রচনা করো।

(গ) 'অনুকরণ' প্রবন্ধ অবলম্বনে অনুকরণ বিষয়ে বঙ্কিমচন্দ্রের মত উল্লেখ করো।

(Turn Over)

- (ঘ) কালিদাসের 'মেঘদূত' রবীন্দ্রনাথে নব-মেঘদূতে রূপান্তরিত হয়েছে।— 'মেঘদূত' প্রবন্ধ অনুসরণে বিশ্লেষণ করো।
- (ঙ) 'বইপড়া' প্রবন্ধে গ্রন্থাগারের গুরুত্ব কীভাবে বিবেচিত হয়েছে তা লেখো।
- (চ) বিদ্যাসাগরের 'পিতামহ রামজয় তর্কভূষণ' প্রবন্ধ অনুসরণে পিতামহ রামজয় তর্কভূষণ চরিত্রের পরিচয় দাও।

২। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫ × ৫

- (ক) বাংলা গদ্যচর্চায় ইউরোপীয় মিশনারীদের অবদান লেখো।
- (খ) বাংলা গদ্যের পটভূমিতে রামেন্দ্রসুন্দর জিবেরদীর ভূমিকার পরিচয় দাও।
- (গ) 'শকুন্তলা, মিরান্দা এবং দেস্‌দিমোনা' অবলম্বনে বঙ্কিমচন্দ্রের গদ্যশৈলীর বৈশিষ্ট্য আলোচনা করো।
- (ঘ) 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধ অনুসরণে জনসূয়া ও প্রিয়ংবদার যুগ্ম ভূমিকার বিচার করো।

(ঙ) 'ভারতচন্দ্র' প্রবন্ধ অবলম্বনে কবিজীবনী বিশ্লেষণে প্রমথ চৌধুরীর কৃতিত্ব বিচার করো ।

(চ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের 'সংস্কৃতি' প্রবন্ধ অনুসরণে ভারতীয় সংস্কৃতির বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও ।

(ছ) 'স্বার্থই স্বার্থত্যাগের প্রধান শিক্ষক' — বিবেকানন্দের 'সমাজতন্ত্র' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো ।

৩। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৪ x ৫

(ক) ফোর্ট উইলিয়াম কলেজের চারজন লেখকের নাম ও তাঁদের লিখিত চারটি গ্রন্থের নাম উল্লেখ করো । ২ + ২

(খ) টাকা লেখো (যে কোনো ১টি) : ৪

সীতার বনবাস, আলালের ঘরের দুলাল ।

(গ) 'শকুন্তলা, মিরাস্দা এবং দেস্‌দিমোনা—তিন চরিত্র কোন্ লেখকের কোন্ গ্রন্থের নায়িকা? ত্রয়ীর মধ্যে কী সাদৃশ্য? ২ + ২

(ঘ) 'ভারতবর্ষের স্বাধীনতা এবং পরাধীনতা প্রবন্ধে বঙ্কিমচন্দ্র প্রদত্ত চারটি প্রধান আলোচনা সূত্রের উল্লেখ করো । ১ + ১ + ১ + ১

- (ঙ) বীরবল কার ছদ্মনাম ? বীরবল নামগ্রহণের তাৎপর্য লেখো । 8
- (চ) কালচার শব্দের প্রতিশব্দ হিসাবে বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ কী শব্দ ব্যবহার করতেন ? কালচার শব্দের উৎস কী ? ২ + ২
- (ছ) 'না ভয় নেই, চাঁদ আছে'—কিসের ভয় ? চাঁদ কী ইঙ্গিত করে । ২ + ২
-